গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
www.macademy.gov.bd

নং- ৯১ /২০২৫

তারিখ: ২৪ আগস্ট ২০২৫খ্রি.

## সতর্কীকরণ নোটিশ

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি একাধিক প্রতারক চক্র এই একাডেমির নাম ব্যবহার করে বিদেশে চাকরির জন্য প্রশিক্ষণ, ভিসা প্রদান ইত্যাদি বিভিন্ন বিষয়ে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের কমান্ড্যান্ট-এর **স্বাক্ষর ও সীল জালিয়াতি** করে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করছে (কপি সংযুক্ত)। এধরনের ভুয়া ও মিথ্যা বিজ্ঞপ্তিতে বাংলাদেশ মেরিন একাডেমির কোন সংশ্লিষ্টতা নেই। বাংলাদেশ মেরিন একাডেমির অফিসিয়াল ওয়েবসাইট ব্যতীত অন্য কোন ধরনের বিজ্ঞপ্তির ভিত্তিতে যেকোন ধরণের আর্থিক লেনদেন করা থেকে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো। এ ধরনের ভুয়া বিজ্ঞপ্তিতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আর্থিক লেনদেন বা প্রতারিত হলে বাংলাদেশ মেরিন একাডেমি দায়ী থাকবে না। এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য আহ্বান করা হলো।

উল্লেখ্য, বাংলাদেশ মেরিন একাডেমির সকল প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি একাডেমির অফিসিয়াল ওয়েবসাইট এবং ভেরিফাইড ফেইসবুক পেইজে প্রকাশ করে থাকে।

২৪/৮/২৫

ক্যাপ্টেন মোঃ ইবনে কায়সার তৈমুর
কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)
ফোন: ০২-৩৩৩৩১৪১৬৩

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কর্ণফুলী থানা, কর্ণফুলী, চট্টগ্রাম।
২। সকল নোটিশ বোর্ড, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম।